

“শেখ হাসিনার দর্শন,  
সব মানুষের উন্নয়ন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

### প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু বেঁচে থাকলে বাংলাদেশ অনেক আগেই উন্নত দেশে পরিণত হত  
- স্থপতি ইয়াফেস ওসমান।

ঢাকা ১৪ আগস্ট ২০১৭:

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আজ ঢাকার আগারগাঁওস্থ বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মিলনায়তনে দোয়া মাহফিল ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এবং বিশেষ অতিথি হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মোঃ আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন।


প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশেই মুক্তিযুদ্ধ হয়েছিল। তিনি ছিলেন স্বাধীন বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা। তাঁর কারণেই আজ আমরা একটি স্বাধীন রাষ্ট্র পেয়েছি, পেয়েছি স্বাধীনতা। আজ আমরা স্বাধীন দেশের নাগরিক।

মন্ত্রী আরো বলেন, বাঙালি জাতির জন্য এটি অত্যন্ত দুর্ভাগ্যের ও লজ্জাজনক যে, পঁচাত্তরের ১৫ আগস্ট বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদেরকে নির্মমভাবে হত্যা করা হয়েছিল। বঙ্গবন্ধু বেঁচে থাকলে বাংলাদেশ অনেক আগেই উন্নত দেশে পরিণত হত। তিনি আরো বলেন, বঙ্গবন্ধুর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাবার স্বপ্ন পূরণে এগিয়ে যাচ্ছেন। তাঁর নেতৃত্বে অচিরেই এ দেশ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত হবে।

বিজ্ঞান ও প্রযুক্তি সচিব মোঃ আনোয়ার হোসেন বিশেষ অতিথির বক্তৃতায় বলেন, বঙ্গবন্ধুই বাংলাদেশ। বাঙালি জাতির প্রতিটি সংগ্রাম ও স্বাধিকার আন্দোলনের প্রধান পুরুষ তিনিই। তাঁকে ঘিরেই, তাঁর নামেই স্বাধীনতা আন্দোলনসহ প্রতিটি আন্দোলন-সংগ্রাম পরিচালিত হয়েছে। সচিব এসময় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জীবনের বিভিন্ন দিক আলোচনা করে বলেন, এ মহীয়সী নারীর অবদান আমাদের মনে রাখতে হবে। বঙ্গমাতা বঙ্গবন্ধুকে প্রতিটি সংগ্রামে, আন্দোলনে এবং সংকটে সাহস যুগিয়েছেন, প্রেরণা যুগিয়েছেন এবং সঠিক সিদ্ধান্ত নিতে সহায়তা করেছেন। বঙ্গবন্ধু বঙ্গমাতার কল্যাণেই বঙ্গবন্ধু হয়ে উঠেছিলেন।

অনুষ্ঠানে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান ড. প্রকৌশলী মোঃ মঞ্জুরুল হক এর সভাপতিতে আরও বক্তব্য রাখেন বিসিএসআইআরের চেয়ারম্যান ফারুক আহমেদ, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক স্বপন কুমার রায়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নতোপিয়েটারের মহাপরিচালক আবুল বাশার মোঃ জহরুল ইসলাম এবং ব্যাসডকের মহাপরিচালক জেসমিন আখতার।

আলোচনা পর্বের শুরুতেই মন্ত্রণালয় ও এর অধীন সংস্থাসমূহের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের শহিদ সদস্যদের বুহের মাগফিরাত কামনা করেন।

  
(মোঃ কামরুল ইসলাম ভূইয়া)  
তথ্য অফিসার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
ফোনঃ ৯৫৪০৩৮৭ (অফিসঃ)  
মোবাঃ ০১৬৭২-৮৯ ৭৭ ৮৯  
E-mail: buyankamrul@gmail.com